

**প্রেস রিলিজ:**  
**বাংলাদেশ অস্ট্রেলিয়া ডিজাস্টার রিলিফ কমিটি**  
**(বিএডিআরসি) -র নতুন কমিটি গঠিত**

**মাসুদ পারভেজ :** সিডনির আরমিংটন সাবার্বে বাংলাদেশ এসোসিয়েশন অফ নিউ সাউথ ওয়েলস-র কার্যালয়ে, গত ২৯শে অক্টোবর ২০১৭ বাংলাদেশ অস্ট্রেলিয়া ডিজাস্টার রিলিফ কমিটি (বিএডিআরসি)-র বার্ষিক সাধারণ সভা ২০১৭ এবং ২০১৭-২০১৯সালের নতুন কার্যকরী কমিটির নির্বাচন অনুষ্ঠিত হয়েছে।

সকাল ১১টা ৩০মিনিটে, উপস্থিত কমিউনিটি মেম্বারদের শুভেচ্ছা জানিয়ে আহবায়ক ড. মাকসুদুল বারী দিনের কার্যক্রম শুরু করেন। কোষাধ্যক্ষের অনুপস্থিতিতে আহবায়ক ড. বারী গত বছরের আর্থিক প্রতিবেদন পড়ে শোনান। এরপরে, সংঘঠনের সাধারণ সম্পাদক জনাব আফসার আহমেদ গত বছরে বিএডিআরসি-এর কর্মকাণ্ড বিশদভাবে তুলে ধরেন এবং ভবিষ্যৎ কর্ম-পরিকল্পনার প্রস্তাব করেন। এছাড়াও জনাব আহমেদ সংঘঠনের সংবিধানের কয়েকটি সংশোধনী প্রস্তাব করেন। উল্লেখযোগ্য সংশোধনীর মধ্যে রয়েছে - আহবায়ক এবং সহ-আহবায়ক-এর নাম পরিবর্তন করে যথাক্রমে - প্রেসিডেন্ট ও ভাইস-প্রেসিডেন্ট এবং ম্যানেজমেন্ট কমিটির মেয়াদ ১বছরের পরিবর্তে ২বছর। উপস্থিত সদস্যরা আলোচনায় অংশ নেন এবং সবার সম্মতিক্রমে ভবিষ্যৎ কর্ম-পরিকল্পনার প্রস্তাব, আর্থিক

হিসাব-নিকাশসহ সংবিধানের প্রস্তাবিত সংশোধনী অনুমোদিত হয়।

সংক্ষিপ্ত বিরতির পর দ্বিতীয় পর্বে, আহবায়ক ড. মাকসুদুল বারী পূর্ববর্তী বছরের কমিটি বিলুপ্তি ঘোষণা করে জনাব নজরুল ইসলাম-কে নির্বাচন কমিশনার হিসাবে প্রস্তাব করেন। নির্বাচন কমিশনার জনাব নজরুল ইসলাম আগামী ২০১৭-২০১৯সালের নতুন কার্যকরী কমিটি গঠনের নির্বাচন পরিচালনা করেন। ম্যানেজমেন্ট কমিটির বিভিন্ন পদের বিপরীতে একজন করে প্রার্থী থাকায় সর্ব-সম্মতিতে নিম্নে উল্লেখিত মোট ১১সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়েছে।



প্রেসিডেন্ট ড. মাকসুদুল বারী ২০১৭-২০১৯সালের নতুন কার্যকরী কমিটিকে শুভেচ্ছা ও উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে বেলা ১টা ৩০মিনিটে দিনের কার্যক্রমের সমাপ্তি করেন।

**Executive Committee:**

President -Dr Maksudul Bari

Vice-President -Dr Waliul Islam

General Secretary -Mr Afsar  
Ahmed

Joint Secretary -Dr Masud Parvez

Treasurer -Mr Mosharaf Hossain

Public Relations Secretary -Mr  
Azadul Alam

**Members:**

Dr Narayan Das

Mr Md Rahmatullah

Mr Hayat Mahmud

Dr Abdul Wahab

Mr Nirmalya Talukder